



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
উপজেলা সমবায় কার্যালয়, নোয়াখালী সদর,  
নোয়াখালী।  
coop.sadar.noakhali.gov.bd

নম্বর: ৪৭.৬১.৭৫৮৭.০০০.০৬.০০৩.২২.৩৯৮

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ  
০৩ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

### নোটিশ

বিষয়: মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারী সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্য কর্মশালা  
আয়োজন সংক্রান্ত নোটিশ।

এতদ্বারা অত্র দপ্তরের ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ খ্রি. সনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রার সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন অংশের ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্তে আগামী ০৭/১০/২০২৪ খ্রি: তারিখ রোজ : সোমবার সকাল ১০:০০ ঘটিকায় উপজেলা সমবায় অফিসার, নোয়াখালী সদর, নোয়াখালী এর কক্ষে মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারী সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্য করণীয় নির্ধারণ বিষয়ক কর্মশালা আয়োজন করা হয়েছে।

উক্ত কর্মশালায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো।

০৩-১০-২০২৪  
মিনু প্রভা ভৌমিক  
উপজেলা সমবায় অফিসার  
০২৩৩৪৪৯১৩৫৭  
ucosadar@yahoo.com

### বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব মোহাম্মদ সামছু উদ্দিন, সহকারী পরিদর্শক ও সদস্য, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, উপজেলা সমবায় অফিস, নোয়াখালী সদর, নোয়াখালী;
- ২। জনাব তৃনা দাস, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ও সদস্য, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, উপজেলা সমবায় অফিস, নোয়াখালী সদর, নোয়াখালী এবং
- ৩। জনাব সামছু উদ্দিন চৌধুরী, সহকারী পরিদর্শক ও সদস্য সচিব, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, উপজেলা সমবায় অফিস, নোয়াখালী সদর, নোয়াখালী।



বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন অংশে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আওতায় “মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারী সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্যে কর্মশালা”

স্থান : উপজেলা সমবায় অফিসারের অফিস কক্ষ

তারিখ : ০৭/১০/২০২৪ খ্রি.

সময় : সকাল ১১:০০ ঘটিকা

উপস্থিতি :

ক্র: নং	নাম ও পদবী	উপস্থিতির স্বাক্ষর
১।	মিনু প্রভা ভৌমিক উপজেলা সমবায় অফিসার	
২।	সামছু উদ্দিন চৌধুরী সহকারী পরিদর্শক	
৩।	মোহাম্মদ সামছু উদ্দিন সহকারী পরিদর্শক	
৪।	তৃণা দাস অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	

সভার শুরুতে সভাপতি ও উপজেলা সমবায় অফিসার, নোয়াখালী সদর, নোয়াখালী কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন অংশে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আওতায় “মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারী সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্যে কর্মশালায়” উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি মাইগভ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

সভাপতি জানান সকল সরকারি সেবাকে একটি প্ল্যাটফর্ম হতে প্রদানের জন্য ‘মাইগভ’ এর যাত্রা শুরু হয়। রূপকল্প ২০৪১: স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে সরকারি সেবাসমূহকে ই-সেবায় রূপান্তর করতে এটুআই প্রোগ্রামের উদ্যোগে ও মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্ববধানে নির্মিত ‘মাইগভ’ একটি সমন্বিত সেবা প্ল্যাটফর্ম। মাইগভে নাগরিকগণ একটি মাত্র ওয়েব তিকানায় একবার নিবন্ধন করেই অনলাইনে সকল সরকারি সেবার অনলাইনে আবেদন ও সেবাগ্রহণ করতে পারছেন। এর ফলে নাগরিক যেমনভাবে কম সময়, ব্যয় ও ভ্রমণে সর্বোচ্চ মানের সেবা পাচ্ছেন, তেমনি নাগরিকগণ প্রাপ্ত সেবার কোয়ালিটি সম্পর্কে মতামত প্রদান করতে পারছেন। একজন নাগরিকের জন্য মাইগভ প্ল্যাটফর্ম ব্যবহার করে সরকারি সেবা গ্রহণ পদ্ধতি সম্পর্কে ধারণা থাকাখুব প্রয়োজন।

কর্মশালায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বিষয়ক কর্মপরিকল্পনায় “মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারী সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্যে কর্মশালায়” সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক অবহিত করেন যে, সমবায় বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে “মাইগভ” বিষয়ে অধিকতর জ্ঞান অর্জন, কর্মদক্ষতা অর্জন সর্বোপরি “মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারী সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে তিনি সকলকে ডিজিটাল প্রযুক্তির নিত্যনতুন উদ্ভাবনের পথ ধরে আসা চতুর্থ বিপ্লবের বিজয়ে এগিয়ে যাওয়া বর্তমান সরকারের বহুমাত্রিক কর্মপরিকল্পনা কর্মকৌশল বাস্তবায়নে সকলকে আহ্বান জানান।

সভাপতি আরো জানান যে, ভবিষ্যতে স্মার্ট বাংলাদেশ হবে সাশ্রয়ী, টেকশই, জ্ঞানভিত্তিক, বুদ্ধিদিপ্ত এবং উদ্ভাবনী সবকাজেই হবে অনলাইন ভিত্তিক। এমতাবস্থায় সকলকে মাইগভ রেজিস্ট্রেশন করে নাগরিকগণকে সেবা প্রদানে সচেষ্ট ভূমিকা রাখার জন্য তিনি আহ্বান জানান।

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মিনু প্রভা ভৌমিক)

উপজেলা সমবায় অফিসার

নোয়াখালী সদর, নোয়াখালী।

ফোন: ০২৩৩৪৪৯১৩৫৭

ই-মেইল : ucosadar@yahoo.com